দৈনিক ইনকিলাব

২৮৩/১৮
তারিখ OCT. 24 1999
পৃষ্ঠা ৩ কলাম ৪
২৮২

### সৈয়দপুর-দিনাজপুর মহাসড়কে অবরোধ

# নীলফামারীতে মাদ্রাসার জমি দখলকে কেন্দ্র করে সংঘর্ষ ঃ আহত ৫০

**নীলফামারী থেকে মোশাররফ হোসেন ঃ** মাদ্রাসার জমি দখল করাকে কেন্দ্র করে গতকাল শনিবার মাদ্রাসার ছাত্র ও এতিমদের সাথে মোটর শ্রমিকদের ২ ঘন্টাব্যাপী রক্তক্ষয়ী সংঘর্ষে কমপক্ষে ৫০ জন আহত হয়েছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ ৩ রাউন্ড রাবার বুলেট ছুঁড়েছে।

জানা গেছে, সৈয়দপুর-দিনাজপুর মহাসড়কের পার্শ্বে সৈয়দপুরের নিকট সোনাখুলী মাদ্রাসার জমিতে মোটর শ্রমিক ইউনিয়ন একটি খড়ের ঘর তুলে। সেখানে গতকাল শনিবার মাদ্রাসা ; কর্তৃপক্ষ এতিমখানার পক্ষে ভিত্তিপ্রস্তর স্থাপন করার সময় মোটর শ্রমিকরা হামলা চালায়। এ নিয়ে মাদ্রাসার ছাত্র ও এতিমদের সাথে মোটর শ্রমিকদের মধ্যে সকাল ১১টা থেকে দুপুর ১টা পর্যন্ত রক্তক্ষয়ী সংঘর্ষ বাধে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার জন্য সৈয়দপুর, দিনাজপুর ও পার্বতীপুর থানা পুলিশ ঘটনাস্থলে আসে এবং ৩ রাউন্ড রাবার বুলেট ছুঁড়ে ও লাঠিচার্জ করে। সংঘর্ষে আহত ৫০ জনের মধ্যে আশঙ্কাজনক অবস্থায় দিনাজপুর মেডিক্যাল কলেজ হাসপাতালে হাজী সোবহান (৬৫), ওসমান মিস্ত্রী (৫৫), শাহজাদা বিপুল (২৭) ও মোক্তার আলী (৩০); রংপুর মেডিক্যাল কলেজ হাসপাতালে সফিকুল (২৭) ও মাহফুজ আলম (২৫)-কে ভর্তি করা হয়েছে। সৈয়দপুর হাসপাতালে ভর্তি করা হয়েছে আনোয়ার (২৩), মান্নান (২০) ও জিকরুল (৩৫)-কে। বাকী আহতদের প্রাথমিক চিকিৎসা দেয়া হয়েছে বলে জানা গেছে। মাদ্রাসার এতিমখানার জমি দখল করার চেষ্টা ও হামলার প্রতিবাদে এতিমখানার ছাত্ররা ঘটনার পর থেকে মহাসড়কের উক্ত স্থানে ব্যারিকেড দিয়ে রাস্তায় বসে পবিত্র কোরআন শরীফ পাঠ করছে। ফলে এ রিপোর্ট পাঠানো পর্যন্ত (সন্ধ্যা সাড়ে ৬টা) সৈয়দপুর-দিনাজপুর মহাসড়কে সকল প্রকার যানবাহন চলাচল বন্ধ ছিল এবং উত্তেজনাকর পরিস্থিতি বিরাজ করছে। নীলফামারী জেলা প্রশাসক এবিএম কামরুল ইসলাম, পুলিশ সুপার আবদুল জলিল মণ্ডল ও দিনাজপুর পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার আবদুল হালিম ঘটনাস্থলে অবস্থান করছেন এবং এতিম ছাত্রদের ব্যারিকেড ভাঙার চেষ্টা করছেন।